

বলছিলেন,'

💵 হজ উমরা ও যিয়ারত

বিভাগ/অধ্যায়ঃ চতুর্থ অধ্যায় : নবীজী ও তাঁর সাহাবীগণের হজ-উমরা রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

বড জামরায় কঙ্কর নিক্ষেপ

৭৭- 'তারপর তিনি মাঝপথ ধরে চলতে থাকলেন, যা তোমাকে বড় জামরার নিকট দিয়ে বের করে দেয়।' অবশেষে তিনি গাছের সন্নিকটে অবস্থিত জামরায় এসে পৌঁছলেন।

৭৮- অতপর 'সূর্য পূর্ণ আলোকিত হওয়ার পর' তিনি বড় জামরাতে সাতটি কঙ্কর নিক্ষেপ করলেন।
৭৯- প্রতিটি কঙ্কর নিক্ষেপের সময় 'আল্লাহু আকবার' বললেন। বুটের ন্যায় ছিল প্রত্যেকটি কঙ্কর।
৮০- তিনি তাঁর বাহনে আরোহন অবস্থায় উপত্যকার মধ্যভাগ থেকে কঙ্কর নিক্ষেপ করেছেন 'আর তিনি'

'তোমরা যেন তোমাদের হজের বিধি-বিধান শিখে নাও। কেননা, আমার জানা নেই, হয়ত আমি এই হজের পরে আর হজ করতে পারব না।'

৮১- জাবের রা. বললেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম 'তাশরীকের সকল দিনে' 'সূর্য হেলে যাওয়ার পরে' কঙ্কর নিক্ষেপ করলেন ।

৮২- 'তিনি আকাবা তথা বড় জামরাতে কঙ্কর নিক্ষেপরত অবস্থায় সুরাকা তাঁর সাথে সাক্ষাত করলেন। অতপর বললেন, ইয়া রাসূলাল্লাহ এটা কি খাস করে আমাদের জন্য ? তিনি বললেন,

«لاَ بَلْ لأَبدِ»

না। বরং সবসময়ের জন্য।

ফুটনোট

- [1]. নাসাঈ, আবূ দাউদ।
- [2]. মুসনাদে আহমদ, মুসলিম, আবূ দাউদ।
- [3]. নাসাঈ।
- [4]. মুসলিম, আবূ দাউদ, নাসাঈ।



- [5]. মুসনাদে আহমদ।
- [6]. মুসলিম।
- [7]. যিলহজ মাসের ১১-১২-১৩ তারিখের দিনগুলো আইয়্যামে তাশরীক বলা হয়।
- [8]. বুখারী , মুসলিম।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=7370

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন